গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
(রাজস্ব শাখা)
www.dhakadiv.gov.bd

স্মারক নং-০৫.৪১.৩০০০.০০৯.০২.০০১.২৪- ৬৭

তারিখ: ১৯ মাঘ ১৪৩১
০২ ফেব্রুয়ারি ২০২৫

## আন্তঃজেলা ও আন্তঃবিভাগীয় ফেরিঘাট/লঞ্চ/খেয়াঘাটসমূহের সীলমোহরকৃত দরপত্র বিজ্ঞপ্তি

ঢাকা বিভাগাধীন আন্তঃজেলা এবং ঢাকা-খুলনা বিভাগাধীন আন্তঃবিভাগীয় নিম্ন বর্ণিত ফেরিঘাট/লঞ্চ/খেয়াঘাটসমূহের বাংলা ১৪৩২ সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত মেয়াদে ইজারা প্রদানের উদ্দেশ্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ১৯/০৪/২০০৩ তারিখের প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২ (৫২৭২) নং স্মারকের হস্তান্তরিত ফেরিঘাটের ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্বৃত্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালার সকল শর্ত মোতাবেক আগ্রহী ব্যক্তি/সংগঠন এর কাছ থেকে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র দাখিলের ক্ষেত্রে আগ্রহী জন্মগত পেশাদার পাটনীগণ অগ্রাধিকার পাবেন। উল্লেখ্য যে, দাখিলকৃত দরপত্র মুখবন্ধ অবস্থায় অতি দ্রুত বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকায় প্রেরণ করতে হবে।

| ক্রমিক নং | আন্তঃজেলা ও আন্তঃবিভাগীয় ফেরিঘাট/খেয়াঘাট এর নাম | সংশ্লিষ্ট উপজেলা, জেলা ও বিভাগের নাম | বাংলা ১৪৩২ সনের সম্ভাব্য মূল্য (টাকায়) |
|---|---|---|---|
| ০১. | চরভদ্রাসন-মৈনট আন্তঃজেলা লঞ্চ/ফেরিঘাট | দোহার, ঢাকা-চরভদ্রাসন, ফরিদপুর (ঢাকা বিভাগ) | ২,২৫,৬০,৮৬৮/- (দুই কোটি পঁচিশ লক্ষ ষাট হাজার আটশত আটষট্টি টাকা) |
| ০২. | পূর্ব নাওডোবা-মাওয়া আন্তঃজেলা খেয়াঘাট (শরীয়তপুর জেলার পাড় অংশ) | জাজিরা শরীয়তপুর (ঢাকা বিভাগ) | ৩২,৭৫,২০৪/- (বত্রিশ লক্ষ পচাত্তর হাজার দুইশত চার) টাকা |
| ০৩. | পিয়াজখালী-চরবলাশিয়া-চরবলাশিয়া (মাদ্রাসাঘাট) কৃষ্ণদেবপুর- বাঁশতলা-জোয়ার-নারিশা আন্তঃজেলা ফেরিঘাট | দোহার, ঢাকা-সদরপুর, ফরিদপুর (ঢাকা বিভাগ) | ২৩,১০,০৩৫/- (তেইশ লক্ষ দশ হাজার পঁয়ত্রিশ টাকা) |
| ০৪. | নয়াবাড়ী-হাজীগঞ্জ আন্তঃজেলা ফেরিঘাট | দোহার, ঢাকা-চরভদ্রাসন, ফরিদপুর (ঢাকা বিভাগ) | ৮২,৪০,১০০/- (বিরাশি লক্ষ চল্লিশ হাজার একশত টাকা) |
| ০৫. | জামালপুর-বাগপাড়া আন্তঃজেলা ফেরিঘাট | কালীগঞ্জ, গাজীপুর-পলাশ, নরসিংদী (ঢাকা বিভাগ) | ২২,৩৫,২০০/- (বাইশ লক্ষ পঁয়ত্রিশ হাজার দুইশত টাকা) |
| ০৬. | ঘোড়াশাল আন্তঃজেলা ফেরিঘাট | কালীগঞ্জ, গাজীপুর-পলাশ, নরসিংদী (ঢাকা বিভাগ) | ১,৯৮,০০০/- (এক লক্ষ আটানব্বই হাজার টাকা) |
| ০৭. | নারগানা-পলাশ আন্তঃজেলা ফেরিঘাট | কালীগঞ্জ, গাজীপুর-পলাশ, নরসিংদী (ঢাকা বিভাগ) | ২,৪৮,০৫০/- (দুই লক্ষ আটচল্লিশ হাজার পঞ্চাশ টাকা) |
| ০৮. | বাসাইর বাজার-কদমতলী আন্তঃজেলা ফেরিঘাট | কালীগঞ্জ, গাজীপুর-পলাশ, নরসিংদী(ঢাকা বিভাগ) | ১৮,১৪,৬০১/- (আঠার লক্ষ চৌদ্দ হাজার ছয়শত এক টাকা) |
| ০৯. | পাইকান আন্তঃজেলা ফেরিঘাট | মনোহরদী, নরসিংদী-কটিয়াদী, কিশোরগঞ্জ (ঢাকা বিভাগ) | ১৩,৪৯৭/- (তেরো হাজার চারশত সাতানব্বই টাকা) |
| ১০ | চাপাইল আন্তঃবিভাগীয় ফেরীঘাট | গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ-কালিয়া, নড়াইল (ঢাকা-খুলনা বিভাগ) | ২৪,০২,৪০০/- (চব্বিশ লক্ষ দুই হাজার চারশত) টাকা |
| ১১ | পুকুরিয়া যোগানিয়া আন্তঃবিভাগীয় ফেরিঘাট | গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ-কালিয়া, নড়াইল (ঢাকা-খুলনা বিভাগ) | ৫,৯০,২৭৮/- (পাঁচ লক্ষ নব্বই হাজার দুইশত আটাত্তর টাকা) |
| ১২ | জয়নগর আন্তঃ বিভাগীয় ফেরিঘাট | গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ-কালিয়া, নড়াইল (ঢাকা-খুলনা বিভাগ) | ১,৮১,৫০০/- (এক লক্ষ একাশি হাজার পাঁচশত টাকা) |

| | | | |
|---|---|---|---|
| ১৩ | ডিগ্রিরচর-দুর্গাপুর আন্তঃ বিভাগীয় ফেরিঘাট | গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ এবং লোহাগড়া, নড়াইল (ঢাকা-খুলনা বিভাগ) | ৬৭,১৮৬/-<br>(সাতষট্টি হাজার একশত ছিয়াশি টাকা) |
| ১৪ | ছোটফা মঙ্গলপুর আন্তঃবিভাগীয় ফেরিঘাট | গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ-লোহাগড়া, নড়াইল, (ঢাকা-খুলনা বিভাগ) | ৯৭,০২০/-<br>(সাতানব্বই হাজার বিশ টাকা) |

## দরপত্র দাখিলের সময়সূচিঃ

| আন্তঃজেলা/আন্তঃবিভাগীয় ফেরিঘাটসমূহের জন্য দরপত্র আহবানের পর্যায় | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | দরপত্র বাছাই এর তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ম | ১৮-০২-২০২৫ খ্রিঃ বিকাল ০৫:০০ টা পর্যন্ত (মঙ্গলবার) | ১৯-০২-২০২৫ খ্রিঃ সকাল ১০:০০টা হতে দুপুর ১:০০ টা পর্যন্ত (বুধবার) | ১৯-০২-২০২৫ খ্রিঃ দুপুর ১:৩০ টা পর্যন্ত। (বুধবার) | ২৪-০২-২০২৫ খ্রিঃ বেলা ০২.০০ ঘটিকা (সোমবার) | ক্যালেন্ডার অনুযায়ী ১ম বার কাঙ্খিত দর পাওয়া না গেলে অথবা দাখিলকৃত দরপত্র অনুমোদিত না হলে ২য় বারের সময়সূচি প্রযোজ্য হবে। এভাবে ৩য়, ৪র্থ, ৫ম বারের সময়সূচি প্রযোজ্য হবে। তবে কোনবার দরপত্র অনুমোদিত/গৃহীত হলে পরবর্তীতে সে ঘাটের দরপত্র সংক্রান্ত যাবতীয় কার্যক্রম বন্ধ বলে গণ্য হবে। |
| ২য় | ২৭-০২-২০২৫ খ্রিঃ বিকাল ০৫:০০ টা পর্যন্ত (বৃহস্পতিবার) | ০২-০৩-২০২৫ খ্রিঃ সকাল ১০:০০টা হতে দুপুর ১:০০ টা পর্যন্ত (রবিবার) | ০২-০৩-২০২৫ খ্রিঃ দুপুর ১:৩০ টা পর্যন্ত। (রবিবার) | ০৪-০৩-২০২৫ খ্রিঃ বেলা ০২.০০ ঘটিকা (মঙ্গলবার) | |
| ৩য় | ০৯-০৩-২০২৫ খ্রিঃ বিকাল ০৫:০০ টা পর্যন্ত (রবিবার) | ১০-০৩-২০২৫ খ্রিঃ সকাল ১০:০০টা হতে দুপুর ১:০০ টা পর্যন্ত (সোমবার) | ১০-০৩-২০২৫ খ্রিঃ দুপুর ১:৩০ টা পর্যন্ত। (সোমবার) | ১২-০৩-২০২৫ খ্রিঃ বেলা ০২.০০ ঘটিকা (বুধবার) | |
| ৪র্থ | ১৮-০৩-২০২৫ খ্রিঃ বিকাল ০৫:০০ টা পর্যন্ত (মঙ্গলবার) | ১৯-০৩-২০২৫ খ্রিঃ সকাল ১০:০০টা হতে দুপুর ১:০০ টা পর্যন্ত (বুধবার) | ১৯-০৩-২০২৫ খ্রিঃ দুপুর ১:৩০ টা পর্যন্ত। (বুধবার) | ২৩-০৩-২০২৫ খ্রিঃ বেলা ০২.০০ ঘটিকা (রবিবার) | |

## "শর্তাবলী"

১। উপরোক্ত ফেরিঘাট/খেয়াঘাট/লঞ্চঘাট বাংলা ১৪৩২ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত মেয়াদে ইজারা প্রদান করা হবে।

২। দরপত্র ফরম দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের পূর্বের কার্যদিবসের অফিস সময় পর্যন্ত বিভাগীয় কমিশনার, ঢাকা/খুলনা বিভাগ এর কার্যালয়ে এবং ঢাকা, গাজীপুর, ফরিদপুর, শরীয়তপুর, নরসিংদী, কিশোরগঞ্জ, গোপালগঞ্জ ও নড়াইল জেলা প্রশাসকের কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। পাঁচ লক্ষ টাকা পর্যন্ত ইজারা মূল্যের ফেরিঘাটের দরপত্র ফরম ৫০০/-(পাঁচশত) টাকা এবং তদুর্দ্ধ ইজারা মূল্যের ফেরিঘাটের দরপত্র ফরম ১০০০/- (এক হাজার) টাকা মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে।

৩। দরপত্র বিজ্ঞপ্তিতে দরপত্র দাখিলের নির্ধারিত তারিখ ও সময় পর্যন্ত ২ নং শর্তে বর্ণিত কার্যালয়সমূহে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র ফেলা যাবে। একইদিন বেলা ১:৩০ ঘটিকায় উল্লিখিত অফিস সমূহে দরপত্র দাতার উপস্থিতিতে (যদি কেহ থাকেন) দরপত্র বক্স খোলা হবে।

৪। দরপত্রের সহিত উদ্ধৃত মূল্যের ২৫% অর্থ যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফটের মাধ্যমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), ঢাকা বিভাগ, ঢাকা এর অনুকূলে জামানত হিসাবে জমা প্রদান করতে হবে। দরপত্র গৃহীত না হলে জামানত ফেরৎযোগ্য।

৫। দরপত্র ফরম-এ কোন কাটাকাটি, ঘষামাজা করা যাবে না। উদ্ধৃত দর স্পষ্টভাবে অংকে এবং কথায় লিখতে হবে। দরপত্র ফরম-এ উল্লিখিত যাবতীয় কলাম যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে অন্যথায় তা বাতিল বলে গণ্য হবে।

৬। বর্ণিত আন্তঃজেলা ও আন্তঃবিভাগীয় ফেরিঘাট/লঞ্চ/খেয়াঘাটের এবং দরপত্রের বিষয়ে কারো কোন তথ্য জানার প্রয়োজন হলে যে কোন কার্যদিবসে ২ নং শর্তে বর্ণিত কার্যালয়সমূহ হতে জানা যাবে।

CamScanner

৭। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ১৯/০৪/২০০৩ খ্রিঃ তারিখের প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২(৫২৭২) নং স্মারকে ইস্যুকৃত হস্তান্তরিত ফেরিঘাটের ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্বৃত আয় বন্টন সম্পর্কিত নীতিমালার শর্ত মোতাবেক দরপত্রদাতা জন্মগত পেশাদার পাটনী হলে দরপত্রের সাথে জন্মগত পেশাদার পাটনী সম্পর্কে স্থানীয় ইউপি চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক স্বাক্ষরিত ও সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত প্রত্যয়নপত্র (হালনাগাদ) সংযুক্ত করতে হবে।

৮। দরপত্র গৃহীত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে অবশ্যই ফেরিঘাট এর সমুদয় ইজারা মূল্য একসাথে পরিশোধ করতে হবে। অন্যথায় জামানত বাবদ জমাকৃত অর্থ (ব্যাংক ড্রাফট) বাজেয়াপ্ত হবে এবং দরপত্র বাতিলক্রমে যথাশীঘ্র সম্ভব পুনরায় দরপত্র আহবানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। দখল গ্রহণের পূর্বেই ইজারাদার কর্তৃক উদ্ধৃত মূল্যের উপর ১০% (দশ) হারে আয়কর এবং ১৫%(পনের) হারে ভ্যাট (ইজারা মূল্যের অতিরিক্ত) যে কোন সোনালী ব্যাংক লিঃ এর জেলা শাখায় (অন লাইনে চালান ভেরিফিকশন এর সুবিধার্থে) অনলাইন চালান এর মাধ্যমে জমা প্রদান করে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) এর নিকট অনলাইন চালানের মূল কপি জমা করতে হবে।

১০। গৃহীত দরপত্রের সমুদয় টাকা, আয়করের টাকা ও ভ্যাটের টাকা পরিশোধ করার পর ফেরিঘাটের দখল ইজারা কমিটির আহবায়ক এর পক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত নির্ধারিত চুক্তিনামার মাধ্যমে সংশ্লিষ্ট ইজারাদারের অনুকূলে বুঝিয়ে দেয়া হবে। সংশ্লিষ্ট জেলা প্রশাসক কিংবা তার প্রতিনিধি কর্তৃক নির্ধারিত স্থানেই ইজারাদার ঘাটের দখল বুঝে নিতে বাধ্য থাকবেন।

১১। প্রতিটি ঘাটের উভয় পাড়ে জনসাধারণসহ বিভিন্ন যানবাহন/মালামাল পারাপারের টোল রেইট (কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত) ইজারাদার সর্বসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ্য স্থানে লটকিয়ে রাখার ব্যবস্থা করবেন। ইজারাদার নির্ধারিত হারে টোল আদায় করতে বাধ্য থাকবেন এবং অতিরিক্ত টোল আদায় করলে আইনত দন্ডনীয় হবেন।

১২। ইজারাদার কোনক্রমে ইজারা প্রাপ্ত ফেরিঘাট অন্যের নিকট পুনঃইজারা বা সাবলিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন শর্তের লংঘন ঘটে তবে ইজারাদারের ইজারা বাতিল বলে গণ্য হবে ও জমাকৃত টাকা বাজেয়াপ্ত হবে। তদুপরি ইজারাদার আইনত দন্ডনীয় হবেন।

১৩। ফেরিঘাট/লঞ্চঘাট/খেয়াঘাট এর যাত্রীদের চলাচলের জন্য নিজ ব্যয়ে উপযুক্ত নৌ-যান সরবরাহ ও উঠানামার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা ঘাট ইজারাদার নিজ খরচে নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করবেন। তিনি নিজ ব্যয়ে ঘাট এলাকার পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করবেন।

১৪। দরপত্র বিজ্ঞপ্তিতে যে সকল শর্ত বর্ণিত হয়নি কিন্তু সরকারের অন্য কোন আইন, বিধি, অধ্যাদেশ, পরিপত্র ইত্যাদিতে উল্লিখিত আছে সে সকল আইন, বিধি, আদেশ, বিধান ও শর্তাবলী ইজারাদারগণ মেনে চলতে বাধ্য থাকবেন। ফেরিঘাট/লঞ্চঘাট/খেয়াঘাটের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা এবং যানবাহন ও যাত্রীদের সহজে যাতায়াতের সুবিধার্থে স্থানীয় প্রশাসন কর্তৃক প্রদত্ত আদেশ ও নির্দেশ দরপত্র গ্রহীতাকে মেনে চলতে হবে।

১৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ, বাতিল কিংবা পরিবর্তন/পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬। দখলনামা যে দিনই সম্পাদিত হোক না কেন ইজারা মূল্যের সমুদয় অর্থ পরিশোধের দিন হতে দখল হস্তান্তরিত হয়েছে মর্মে পরিগণিত হবে। তবে ইজারামূল্য অনুমোদনের ০১ (এক) সপ্তাহের মধ্যে ৮ নং ক্রমিক অনুযায়ী সমুদয় অর্থ পরিশোধ করতে হবে।

১৭। বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা এর কার্যালয়ের ওয়েবসাইট www.dhakadiv.gov.bd-এর বিভাগীয় প্রশাসন, রাজস্ব প্রশাসন শাখা, আন্তঃজেলা আন্তঃবিভাগীয় ফেরিঘাট অপশনে ফেরিঘাট সংক্রান্ত যাবতীয় তথ্যাদি পাওয়া যাবে।

১৮। ফেরিঘাট/লঞ্চ/খেয়াঘাট দখল যে দিনই প্রদান/গ্রহণ করা হোক না কেন ইজারার মেয়াদ ১৪৩২ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত মর্মে গণ্য হবে। প্রতিটি ফেরিঘাট/লঞ্চ/খেয়াঘাটের জন্য পৃথক পৃথক দরপত্র দাখিল করতে হবে।

২-২-২৫

(মোঃ আজমল হোসেন)
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)
ঢাকা বিভাগ, ঢাকা
এবং
আহবায়ক
আন্তঃজেলা/আন্তঃবিভাগীয়
ফেরিঘাট/খেয়াঘাট ইজারা কমিটি।
ফোনঃ ৪৮৩২২২৬৬

CamScanner

স্মারক নং-০৫.৪১.৩০০০.০০৯.০২.০০১.২৪-৬৭

তারিখ: ১৯ মাঘ ১৪৩১
০২ ফেব্রুয়ারি ২০২৫

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, ঢাকা/খুলনা বিভাগ।

অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের অনুরোধসহঃ

১। জেলা প্রশাসক, ঢাকা/গাজীপুর/নরসিংদী/ফরিদপুর/শরীয়তপুর/কিশোরগঞ্জ/গোপালগঞ্জ/নড়াইল বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা এবং নির্ধারিত/উল্লিখিত তারিখে তাঁর কার্যালয়ে দরপত্র বাক্স রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল। দাখিলকৃত দরপত্র মুখবন্ধসহ এবং সিডিউল বিক্রয়লব্ধ অর্থ আবশ্যিকভাবে দরপত্র দাখিলের পরের কার্যদিবস সকাল ১০:০০ ঘটিকার মধ্যে বিশেষ বাহক মারফত এ কার্যালয়ের নিম্ন স্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হল। বিলম্বে প্রেরিত দরপত্র গ্রহণযোগ্য না হলে এর দায় বিলম্বে প্রেরণকারী কর্তৃপক্ষের উপর বর্তাবে। ইজারা বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানো, বিজ্ঞপ্তিটির বিষয়ে তাঁর অধিক্ষেত্রাধীন এলাকায় মাইকিং, ঢোল সহরত এর মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হল। এ ছাড়া এতদসংগে উক্ত ঘাটের জন্য ৫(পাঁচ) সেট সিডিউল (দরপত্র ফরম) বিক্রয়ের জন্য প্রেরণ করা হল।

২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঢাকা/গাজীপুর/ নরসিংদী ফরিদপুর/শরীয়তপুর/কিশোরগঞ্জ/গোপালগঞ্জ/নড়াইল। বিজ্ঞপ্তিটি তাঁর অধিক্ষেত্রাধীন এলাকায় ব্যাপক প্রচারের জন্য অনুরোধ জানানো হল।

৩। পুলিশ সুপার, ঢাকা/গাজীপুর/ নরসিংদী/ফরিদপুর/শরীয়তপুর/কিশোরগঞ্জ/গোপালগঞ্জ/নড়াইল।

৪। জেলা তথ্য অফিসার, ঢাকা/গাজীপুর/নরসিংদী/ফরিদপুর/শরীয়তপুর/কিশোরগঞ্জ/গোপালগঞ্জ/নড়াইল।বিজ্ঞপ্তিটি তাঁর অধিক্ষেত্রাধীন এলাকায় ব্যাপক প্রচারের জন্য অনুরোধ জানানো হল।

৫। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা/খুলনা। (বিজ্ঞপ্তিটি স্থানীয় সংবাদে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

৬। উপজেলা নির্বাহী অফিসার, দোহার, ঢাকা /কালীগঞ্জ, গাজীপুর/ মনোহরদী,নরসিংদী/ পলাশ, নরসিংদী/ সদরপুর,ফরিদপুর/ চরভদ্রাসন, ফরিদপুর/জাজিরা, শরীয়তপুর/কটিয়াদী, কিশোরগঞ্জ/গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ/কালিয়া, নড়াইল/লোহাগড়া, নড়াইল। বিজ্ঞপ্তিটি তাঁর অধিক্ষেত্রাধীন এলাকায় ব্যাপক প্রচারের জন্য অনুরোধ জানানো হল।

৭। সিনিয়র সহকারী কমিশনার (আইসিটি), বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৮। সহকারী কমিশনার (ভূমি),দোহার, ঢাকা/কালীগঞ্জ, গাজীপুর/মনোহরদী,নরসিংদী/পলাশ, নরসিংদী/সদরপুর,ফরিদপুর/চরভদ্রাসন, ফরিদপুর/জাজিরা, শরীয়তপুর/কটিয়াদী, কিশোরগঞ্জ/গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ/কালিয়া, নড়াইল/লোহাগড়া, নড়াইল। বিজ্ঞপ্তিটি তাঁর অধিক্ষেত্রাধীন এলাকায় ব্যাপক প্রচারের জন্য অনুরোধ জানানো হল।

৯। চেয়ারম্যান/প্রশাসক..,.................................ইউনিয়ন পরিষদ, উপজেলা.............................জেলা.........................।
(বিজ্ঞপ্তিটি তাঁর অধিক্ষেত্রাধীন এলাকায় ব্যাপক প্রচারের জন্য অনুরোধ জানানো হল)।

১০। জনাব ..........................................................................................................................
(প্রাক্তন ইজারাদার)

১১। জনাব.........................................................................................................

২.২.২৫

মোঃ আজমল হোসেন
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)
ঢাকা বিভাগ, ঢাকা

CamScanner